# তথ্য কমিশন বাংলাদেশ

এফ-১৭/ডি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭

## কমিশন সভার কার্যবিবরণী:

সভাপতি: ডক্টর আবদুল মালেক
প্রধান তথ্য কমিশনার

সভার তারিখ : ০৩/১২/২০২৩ সময়: সকাল ১০.৩০ টা

স্থান : কমিশনের সভাকক্ষ। উপস্থিতি: পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তথ্য কমিশনার জনাব শহীদুল আলম ঝিনুক ও তথ্য কমিশনার জনাব মাসুদা ভাট্টি এবং সচিবসহ কমিশনের অন্যান্য কর্মকর্তা সভায় উপস্থিত ছিলেন। সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ কে আহবান জানান। পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন পর্যায়ক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | তথ্য কমিশন বাংলাদেশ এর অফিস সুপার জনাব মো: জাবির বিন আহসান এর চাকরি থেকে অব্যাহতি। | তথ্য কমিশন বাংলাদেশ এর অফিস সুপার জনাব মো: জাবির বিন আহসান ৩১/১০/২০২৩ তারিখ অপরাহ্ন থেকে চাকরি থেকে অব্যাহতির আবেদন দাখিল করেন। তিনি NTRCA কর্তৃক মাদ্রাসাতে প্রভাষক পদে নিয়োগের সুপারিশ প্রাপ্ত হন মর্মে আবেদনে উল্লেখ করেন।<br><br>উল্লেখ্য, তথ্য কমিশন বাংলাদেশ এর ২৫/১১/২০১৩ তারিখের স্মারক নং-৪২৮ মাধ্যমে অফিস সুপার পদে তাকে নিয়োগ আদেশ প্রদান করা হয়। ১০/১২/২০১৩ তারিখ অফিস সুপার পদে যোগদান করেন। ২০ জানুয়ারি ২০১৫ তারিখ তার চাকরি স্থায়ী করা হয়।<br><br>বর্তমানে তিনি ৩১ অক্টোবর ২০২৩ তারিখ অপরাহ্ন থেকে তথ্য কমিশন বাংলাদেশ এর অফিস সুপার পদ থেকে অব্যাহতি চেয়েছেন (সংলাগ-০২)।<br><br>তার নিয়োগ আদেশের শর্তাবলীতে উল্লেখ রয়েছে- তার চাকরি তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০১১ দ্বারা নিয়ন্ত্রিত হবে।<br><br>তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০১১ এর বিধি ৫৪ (১) অনুযায়ী- "কোন কর্মচারী নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাহার অভিপ্রায় উল্লেখপুর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করিয়া তাহার চাকরি ত্যাগ করিতে বা চাকরি হইতে বিরত থাকিতে পারিবেন না এবং এইরূপ নোটিশ প্রদানের ব্যর্থতার ক্ষেত্রে, তিনি তথ্য কমিশনকে তাহার তিন মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।" | তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০১১ এর বিধি ৫৪ (১) অনুযায়ী- অফিস সুপার জনাব মো: জাবির বিন আহসান নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাহার চাকরি থেকে ইস্তফা প্রদানের অভিপ্রায় উল্লেখপুর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদানের ব্যর্থতার কারণে তিন মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান সাপেক্ষে তাকে ৩১ অক্টোবর ২০২৩ তারিখ অপরাহ্ন থেকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন)<br><br>উপপরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভায় নথি পর্যালোচনায় দেখা যায় তিনি গত ৩০/০৩/২০২৩ তারিখ প্রভাষক পদে নিয়োগের সুপারিশের বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করেছেন কিন্তু বিধি ৫৪ অনুযায়ী তিনি ইস্তেফা প্রদান করবেন মর্মে অবহিত করেননি অর্থাৎ চাকরি থেকে ইস্তফা প্রদানের বিষয়টি সঠিক সময় কর্তৃপক্ষকে অবহিতকরনে ব্যর্থ হয়েছেন বিধায় তিনি তথ্য কমিশন বাংলাদেশকে কে তার তিন মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করতে বাধ্য থাকবেন এবং ক্ষতিপূরণ প্রদান সাপেক্ষে অফিস সুপার জনাব মো: জাবির বিন আহসান কে ৩১ অক্টোবর ২০২৩ তারিখ অপরাহ্ন থেকে অব্যাহতি দেয়া যেতে পারে মর্মে কমিশন একমত পোষণ করে। | | |
| ০২ | তথ্য কমিশন বাংলাদেশ এর নবনির্মিত ভবনে অডিটরিয়াম, ক্যাফেটরিয়া/ ক্যান্টিন, ডরমেটরি এবং প্রশিক্ষণ একাডেমি ভাড়া/ পরিচালনা বিষয়ক নীতিমালা প্রণয়ন। | শেরেবাংলা নগর প্রশাসনিক এলাকার এফ-১৭/ডি প্লটে তথ্য কমিশন বাংলাদেশ এর নবনির্মিত ১৩ তলা বিশিষ্ট ভবন অবস্থিত। নভেম্বর/২০২২ থেকে নবনির্মিত ভবনে কমিশনের দাপ্তরিক কার্যক্রম শুরু হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী গত ২০ আগস্ট ২০২৩ তারিখ আনুষ্ঠানিক ভাবে তথ্য কমিশন বাংলাদেশ এর নবনির্মিত ভবন উদ্বোধন করেন।<br><br>তথ্য কমিশন বাংলাদেশ এর নবনির্মিত ভবনে অডিটরিয়াম (লেভেল-০২), ক্যাফেটরিয়া/ক্যান্টিন (লেভেল-০৩), ডরমেটরি (লেভেল-১২) এবং প্রশিক্ষণ একাডেমি (লেভেল-১০) রয়েছে। অডিটরিয়াম, ক্যাফেটরিয়া/ক্যান্টিন, ডরমেটরি ভাড়া দেয়ার প্রয়োজনে এবং প্রশিক্ষণ একাডেমি পরিচালনার লক্ষ্যে নীতিমালা প্রস্তুত করার জন্য গঠিত কমিটি গণপূর্ত অধিদপ্তরের রেটসহ বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, বিসিএস প্রশাসন একাডেমি, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) এবং বিয়াম ফাউন্ডেশন এর অডিটরিয়াম, প্রজেকশন হল, সেমিনার হল, ক্লাসরুম, ডরমিটরী ইত্যাদি ব্যবহার সংক্রান্ত নীতিমালা পর্যালোচনা করে কমিশনের জন্য একটি খসড়া নীতিমালা দাখিল করে।<br><br>দাখিলকৃত খসড়া নীতিমালা সভায় পর্যালোচনা করা হয়। তথ্য কমিশন বাংলাদেশ এর পার্শ্ববর্তী দপ্তর সংস্থার অডিটরিয়াম, প্রজেকশন হল, সেমিনার হল, ক্লাসরুম, ডরমিটরী ইত্যাদি ব্যবহার সংক্রান্ত নীতিমালা পর্যালোচনা করে নীতিমালা সংশোধনের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া, অডিটরিয়াম ভাড়াকালীন বিদ্যুৎ, পানি এবং অন্যান্য খরচসহ ভ্যাট ও ট্যাক্সের বিষয়টি পুনরায় যাচাই-বাছাই করে পৃথক নীতিমালা প্রস্তুত করার বিষয়ে সভা একমত পোষণ করে। | তথ্য কমিশন বাংলাদেশ এর পার্শ্ববর্তী দপ্তর সংস্থার অডিটরিয়াম, প্রজেকশন হল, সেমিনার হল, ক্লাসরুম, ডরমিটরী ইত্যাদি ব্যবহার সংক্রান্ত নীতিমালা পর্যালোচনা করে নীতিমালা সংশোধন করতে হবে। এছাড়া, অডিটরিয়াম ভাড়াকালীন বিদ্যুৎ, পানি এবং অন্যান্য খরচসহ ভ্যাট ও ট্যাক্সের বিষয়টি পুনরায় যাচাই-বাছাই করে পৃথক নীতিমালা প্রস্তুত করতে হবে। | নীতিমালা প্রস্তুত করার জন্য গঠিত কমিটি |
| ০৩ | তথ্য অধিকার আইন, ২০০৯ সংশোধন। | তথ্য অধিকার আইন- ২০০৯ সংশোধনের নিমিত্ত ০৭/০৪/২০২২ তারিখ ০৫ সদস্যের কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি তথ্য অধিকার আইন- ২০০৯ এর ধারা-২, ২৭(১), ২৭(২) সংশোধনের জন্য গত ১৫/০৯/২০২২ তারিখ সুপারিশসহ প্রতিবেদন দাখিল করে। প্রতিবেদনের উপর গত ০৫/১২/২০২২ তারিখে কমিশন সভায় "তথ্য অধিকার আইন ২০০৯ সম্পূর্ণ পরীক্ষা নিরিক্ষা করে, নতুন কোন বিষয় থাকলে তা সংযোজনসহ একটি কম্পোজিট ও কমপ্লিট প্রস্তাব দাখিল করতে হবে" মর্মে কমিটিকে অনুরোধ করা হয়।<br><br>আইন সংশোধনের বিষয়ে সভায় আলোচনা হয়। তথ্য অধিকার আইন, | তথ্য অধিকার আইন, বিধিমালা, প্রবিধিমালা পরীক্ষা-নিরীক্ষা করে সংশোধনের নিমিত্ত প্রয়োজনীয় সুপারিশ প্রদানের জন্য গত ২৭/০৪/২০২২ তারিখের ১৫.৫১.০০০০.৬০২.২২.৯ নং স্মারকে গঠিত কমিটির পরিবর্তে তথ্য কমিশনার জনাব শহীদুল আলম ঝিনুক | গঠিত কমিটি |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিধিমালা, প্রবিধানমালা পরীক্ষা-নিরীক্ষা করে সংশোধনের নিমিত্ত প্রয়োজনীয় সুপারিশ প্রদানের জন্য গত ২৭/০৪/২০২২ তারিখের ১৫.৫১.০০০০.৬০২.২২.৯ নং স্মারকে গঠিত কমিটির পরিবর্তে তথ্য কমিশনার জনাব শহীদুল আলম ঝিনুক এর সভাপতিত্বে পাঁচ সদস্য বিশিষ্ট কমিটি পুনর্গঠনের বিষয়ে সভা একমত পোষণ করে। | এর সভাপতিত্বে নিম্নরূপ পাঁচ সদস্য বিশিষ্ট কমিটি পুনর্গঠন এর সিদ্ধান্ত গৃহীত হয়:<br>০১) জনাব শহীদুল আলম ঝিনুক, তথ্য কমিশনার—আহবায়ক<br>০২) পরিচালক (প্রশাসন)—সদস্য<br>০৩) সহ.পরিচালক (প্রশিক্ষণ) --সদস্য<br>০৪) গবেষণা কর্মকর্তা--সদস্য<br>০৫) পরিচালক (গ.প্র. প্র.)--সদস্য সচিব | |
| ০৪ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার হালনাগাদ তালিকা প্রণয়ন | তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা -১০ মোতাবেক তথ্য সরবরাহের নিমিত্ত এই আইন জারির ৬০ দিনের মধ্যে প্রত্যেক কর্তৃপক্ষের প্রত্যেক তথ্য প্রদান ইউনিটের জন্য একজন করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগের বিধান রয়েছে। এছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ প্রদানের ১৫ দিনের মধ্যে তথ্য কমিশন বাংলাদেশকে লিখিতভাবে অবহিত করার বিধান রয়েছে।<br><br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ নিয়োগপূর্বক তালিকা হালনাগাদকরে<br>তথ্য কমিশন বাংলাদেশ কে লিখিতভাবে অবহিত করার জন্য নিম্নবর্ণিত প্রতিষ্ঠানে পত্র<br>প্রেরণ বিষয়ে সভা একমত পোষণ করে:<br>০১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর।<br>০২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।<br>০৩) কারিগরি শিক্ষা অধিদপ্তর।<br>০৪) স্থানীয় সরকার বিভাগ।<br>০৫) বাংলাদেশ ব্যাংক। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ নিয়োগপূর্বক তথ্য কমিশন বাংলাদেশ কে লিখিতভাবে অবহিত করার জন্য নিম্নবর্ণিত প্রতিষ্ঠানে পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়:<br>০১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর।<br>০২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।<br>০৩) কারিগরি শিক্ষা অধিদপ্তর।<br>০৪) স্থানীয় সরকার বিভাগ।<br>০৫) বাংলাদেশ ব্যাংক। | পরিচালক (গ. প্র. প্র)<br><br>উপপরিচালক (গ. প্র. প্র)<br><br>সহ.পরিচালক (প্রশিক্ষণ)<br><br>সহকারী প্রোগ্রামার |

০২। অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/১২/২২

(ডক্টর আবদুল মালেক)
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ



CamScanner

স্মারক নম্বর: ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৪(০২).১৮. ৫৭৬

তারিখ: ০৬/১২/২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
২) পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
৩) প্রধান তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
৪) একান্ত সচিব, তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৫) সহকারী পরিচালক(সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
৫) গবেষণা কর্মকর্তা/ জনসংযোগ কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার তথ্য কমিশন বাংলাদেশ।
৬) তথ্য কমিশনারের ব্যক্তিগত সহকারী, তথ্য কমিশন বাংলাদেশ।
৭) অফিস কপি।

০৬/১২/২০২৩

(সোহানা নাসরিন)
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)
তথ্য কমিশন বাংলাদেশ



CS CamScanner